# ডিম এর বিপণন খরচ ও সংশ্লিষ্ট ক্ষতি (আমদানীকারক থেকে ভোক্তা পর্যন্ত)

বাংলাদেশ কৃষি মন্ত্রনালয় অধিনস্থ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগর ভিত্তিক Open Market Sale (OMS) সরকারের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ, (OMS) কর্মসূচীটি মূলত দেশের খাদ্য শস্যের বাজারে সরকারের সরাসরি হস্তক্ষেপের মাধ্যমে গরিব ও মধ্যবিত্ত ভোক্তাদের উদ্দেশ্যে ১৪ই অক্টোবর/২০২৪খ্রি: তারিখ ঢাকা মহানগরে চালু করা হয়। পরবর্তীতে ২২শে অক্টোবর/২০২৪খ্রি: তারিখ হতে চট্টগ্রাম মহানগরের ১০টি স্থানে কৃষি পণ্যের বিভিন্ন সবজি ও ডিম (OMS) কর্মসূচীর মাধ্যমে বিক্রি করা হয়। কৃষি পণ্যের (OMS) কর্মসূচীকে মহানগরের প্রত্যেকটি নাগরিক ও ভোক্তা স্বাগত জানিয়েছেন। বাংলাদেশের প্রেক্ষাপটে খামার থেকে ভোক্তা পর্যন্ত ডিমের বিপণন খরচ ও ক্ষতির হিসাব বিবরণীর প্রতিবেদন বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ অংশ হল প্রাণীজ খাদ্য উৎপাদন। যেখানে ডিম উৎপাদন একটি বড় খাত হিসাবে চিহ্নিত। তবে এই পণ্যটির উৎপাদন ও ভোক্তা পর্যন্ত পৌঁছাতে গিয়ে বেশ কিছু বিপণন খরচ ও ক্ষতির সম্মুখিন হতে হয়।

## চট্রগ্রাম বিভাগ এর OMS কর্মসূচী

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক OMS (Open Market Sale) কর্মসূচী গত ১৫ই অক্টোবর ২০২৪ খ্রি. সর্বপ্রথম ঢাকায় চালু করা হয়। নিম্ন আয়ের মানুষ তাদের প্রয়োজনীয় দৈনন্দিন খাদ্যদ্রব্য সাশ্রয়ী মূল্যে যাতে সহজেই খরিদ করতে পারে সেই লক্ষ্যে OMS চালু করা। ভোক্তা বাজারে কৃষি পণ্যর নির্ধারিত দামের তুলনায় ৫০-৬০% কম মূল্য নির্ধারণ করে এই কার্যক্রম শুরু করা হয়। ২২শে অক্টোবর ২০২৪ খ্রি. চট্রগ্রাম বিভাগে OMS কর্মসূচী শুরু হয়। ডিম এবং মৌসুম ভিত্তিক সবজি OMS কর্মসূচীর আওতাধীন ছিল। OMS কর্মসূচীর খরচের হিসাব ২টি ভাগে ভাগ করে হিসাব করা হলো: ১। ডিম ক্রয় বাবদ খরচ ২। ডিম বিক্রয় বাবদ খরচ।

## <u>১. OMS কর্মসুচীর ডিমের ক্রয় বাবদ খরচ:</u>

ডিম সরবরাহ বাংলাদেশের অভ্যন্তরে সারা বছর উৎপাদন হয় কৃষি বিপণন অধিদপ্তর চট্রগ্রাম বিভাগীয় কার্যালয় OMS কর্মসূচীতে ৫৪ দিনে ৩টি উৎপাদনকারী থেকে ডিম সংগ্রহ করা হয়। ১। কাজী ফার্ম, ২। ফেনী ডিমের আড়ৎ, ৩। চট্টগ্রাম ডিমের আড়ৎ, খামাড়ি থেকে ক্রয় করে প্রথম ধাপে বিভাগীয় কার্যালয় অফিসে মজুদ করা হয়।

### OMS কর্মসুচীর ক্রয় মজুদ খরচের বিস্তারিত:

১.(ক) ৫৪ দিনে মোট ১৩,৯২,৭২০ পিছ ডিম ১,৫০,০৩৯০০ টাকা ক্রয় করা হয়। ১২টি ডিমের আনুপাতিক হারে ক্রয় মুল্য ১২৯.২৪ টাকা।

১.((খ) লেভার ও পরিবহন খরচ মোট ২,৩২,৩৮৬ টাকা। আনুপাতিক হারে প্রতি ১২টি ডিমের লেভার ও পরিবহন ভাড়া ২.০৪ টাকা।

**প্রতি ১২টি ডিমেরে আনুপাতিক ক্রয় মুল্য ও খরচ (১২৯.২৪+২.০৪)=১৩১.২৮ টাকা**

**২. OMS কর্মসুচীর ডিমের বিক্রয় বাবদ খরচ:**

কৃষি বিপণন অধিদপ্তর চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় থেকে প্রতিদিন সকালে ১০টি স্থানে কৃষি পণ্য OMS কর্মসূচীতে ডিম বিক্রয়ের ৫টি হিসাবের খাত নির্ণয় করা হয় যেমন: (ক) ডিম বিক্রির পরিবহন খরচ (খ) ডিম বিক্রির কর্মচারী ও আউটসোসিং খরচ (গ) ডিম বিক্রির আনছার খরচ (ঘ) ডিম বিক্রয়ের ক্ষেত্রে ভাংগা ও নষ্ট খরচ (ঙ) অন্যান্য লজিষ্ট্রিক ও প্যাকেজিং খরচ।

**OMS কর্মসুচীর ডিমের বিক্রয় বাবদ খরচের বিস্তারিত:**

২.(ক) ডিম বিক্রির পরিবহন খরচ: ৫৪ দিনে ৫৩২টি বিআরটিসি ট্রাক ভড়া বাভত ৮৫০০ টাকা করে মোট ৪৫,২২,০০০ টাকা খরচ হয়। তার আনুপাতিক হারে ১২টি ডিমের পরিবহন খরচ আসে ৪.৩৬ টাকা।

২.(খ) ডিম বিক্রির কর্মচারী ও আউটসোসিং খরচ: ৫৪ দিনে ৫৩২টি বিআরটিসি ট্রাকের কর্মচারী ও আউটসোসিং বাবদ মোট ৩২,৫২১১৬ টাকা খরচ হয়। তার আনুপাতিক হারে ১২টি ডিমের কর্মচারী ও আউটসোসিং খরচ আসে ৩.১৩ টাকা।

২.(গ) ডিম বিক্রির আনছার খরচ: ৫৪ দিনে ৫৩২টি বিআরটিসি ট্রাকের নিরাপত্তার জন্য প্রতি গাড়িতে ২জন করে আনছার নিয়োগ করা হয় তাদের টিএ ডিএ বাবদ মোট ৭,৬৬,০৮০ টাকা খরচ হয়। তার আনুপাতিক হারে ১২টি ডিমের আনছার খরচ আসে ০.৭৪ টাকা।

২.(ঘ) ডিম বিক্রয়ের ক্ষেত্রে ভাংগা ও নষ্ট খরচ: ৫৪ দিনে মোট ৫৩২টি বিআরটিসি ট্রাকে মোট ১৩,৯২,৭২০ পিছ ডিম পরিবহন ও নাড়া ছাড়ায় নষ্ট ও ভেংগে যায়। প্রতি ট্রাকে গড়ে ১৬.২৫৭টি করে ডিম নষ্ট ও ভেংগে যায়। যার গড় মুল্য ১৫৪.৪৫ টাকা । ১২টি ডিমের আনুপাতিক হারে নষ্ট ও ভেংগে যাওয়া ডিমের মুল্য ০.৬৬ টাকা।

২.(ঙ) অন্যান্য লজিষ্ট্রিক ও প্যাকেজিং খরচ: ৫৪ দিনে মোট ৫৩২টি বিআরটিসি ট্রাকে মোট ১৩,৯২,৭২০ পিছ ডিম বিক্রয়ের ক্ষেত্রে কতকগুলো লজিস্ট্রিক এর প্রয়োজন পড়ে। এর মধ্যে মাইক, মিটার স্কেল, ব্যাগ, পলিটিন চেয়ার, কাগজ, কলমসহ আরো অন্যান্য প্রয়োজনীয় সাম্রগী যার মোট মুল্য ৭৬,৮৭৮ টাকা। ১২টি ডিমের আনুপাতিক হারে অন্যান্য লজিষ্ট্রিক ও প্যাকেজিং খরচ ১.৪৩ টাকা।

৩. প্রতি ১২টি ডিমেরে আনুপাতিক ক্রয় মুল্য ও খরচ (১২৯.২৪+২.০৪)=১৩১.২৮ টাকা

প্রতি ১২টি ডিমেরে আনুপাতিক বিক্রয় খরচ (৪.৩৬+৩.১৩+০.৭৪+০.৬৬+১.৪৩)=১০.৩২ টাকা

**প্রতি ১২টি ডিমেরে আনুপাতিক হাড়ে ভোক্তা পর্যন্ত বিক্রয় খরচ=১৪১.৬০ টাকা।**

কৃষি বিপণন অধিদপ্তর কতৃক নির্ধারিত ভোক্তা পর্যায়ে বিক্রয়ের জন্য প্রতি প্যাকেজে অথ্যাৎ ১২টি ডিমের আনুপাতিক হাড়ে গড়ে ১১৪.৪৫ টাকা নির্ধারণ করেন।

**সুতরাং ১২টি ডিমের** মোট ক্রয় মূল্য **১৪১.৬০** থেক মোট বিক্রয় মূল্য ১১৪.৪৫ টাকা বাদ দিলে সরকারের ভর্তুকির পরিমাণ ২৭.১৫ টাকা হয়।

**চট্টগ্রামের ১০টি স্থানে খামার থেকে ভোক্তা পর্যন্ত ২১৮ জন ভোক্তর মধ্যে (ওএমএস) এর ১২টি ডিমের বিপণন খরচ ও ক্ষতি নিরুপন ”ছকে” দেখানো হলো**

| ক্রমিক নং | খামারির নাম | পণ্যের নাম ও সংখ্যা | OMS কর্মসূচীর ডিমের ক্রয় খরচ | | OMS কর্মসূচীর ডিমের বিক্রয় খরচ | | | | | মোট মুল্য, খরচ ও ক্ষতি | ওএমএস বিক্রয় | সরকারী ভুর্তকি | গড় ভর্তুকি মুল্য | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১২টি ডিমের ক্রয় মুল্য (টাকায়) | অফিস মজুদের লেভার ও পরিবহন | অফিস বিক্রযের পরিবহন খরচ | অফিস বিক্রয়ের কর্মচারী ও আউটসোসিং | আনছার | নষ্ট | প্লাস্টিকের ব্যগ, পলিটিন, মাইক, কাগজ, কলম, মাক্স, ব্যানার, | ১২টি ডিম | ১২টি ডিম | ১২টি ডিম | ১২টি ডিম | ১২টি ডিম |
| ১ | ২ | ৩ | {১.(ক)} ৪ | {১.(খ)} ৫ | [২ (ক)] ৬ | [২ (খ)] ৭ | [২ (গ)] ৮ | [২ (ঘ)] ৯ | [২ (ঙ)] ১০ | (১+২)= ৩ | | | | |
| ১ | কাজী র্ফাম | ১২টি ডিম | ১৩২.১২ | ২.৫০ | ৪.৩৬ | ৩.১৩ | ০.৭৪ | ০.৬৬ | ১.৪৩ | ১৪৪.৯৪ | ১১৪.৪৫ | ৩০.৪৯ | ২৭.১৫ | ১৯.২০ % |
| ২ | ফেনী ডিমের আড়ৎ | ১২টি ডিম | ১২৪.৮০ | ২.৮৮ | ৪.৩৬ | ৩.১৩ | ০.৭৪ | ০.৬৬ | ১.৪৩ | ১৩৮.০০ | ১১৪.৪৫ | ২৩.৫৫ | | |
| ৩ | চট্টগ্রাম ডিমের আড়ৎ | ১২টি ডিম | ১২৬.০০ | ১.০১ | ৪.৩৬ | ৩.১৩ | ০.৭৪ | ০.৬৬ | ১.৪৩ | ১৩৭.৩৩ | ১১৪.৪৫ | ২২.৮৮ | | |
| | আনুপাতিক গড় | ১২ টি ডিম | ১২৯.২৪ | ২.০৪ | ৪.৩৬ | ৩.১৩ | ০.৭৪ | ০.৬৬ | ১.৪৩ | ১৪১.৬০ | ১১৪.৪৫ | ২৭.১৫ | | |

**মন্তব্য:** কৃষি বিপণন অধিদপ্তরের নিজস্ব ব্যাবস্থাপনায় ও নিজস্ব জনবল দিয়ে সবজি ও ডিম জাতীয় কৃষি পণ্যের ওএমএস কার্যকক্রমকে চট্টগ্রাম মহানগর বাসী ও সর্ব সাধারণ স্বাগত জানিয়েছে। প্রায় ৯৮% জন সাধারণ এই কার্যক্রম অব্যাহত রাখার জন্য মত দেন। তার সাথে সাথে কৃষি পণ্যে যত গুলো পণ্য আছে সমস্ত পণ্য কৃষি বিপণন অধিদপ্তরের ব্যাবস্থাপনায় ও তাদের নিজস্ব জনবল দিয়ে ওএমএস কার্যক্রমকে পরিচালনার জন্য দাবী জানান। ভোক্তা সাধারণ কৃষি বিপণন অধিদপ্তরের ওএমএস কার্যক্রমের প্রতি সন্তোষ প্রকাশ করেন।

(মো: এমদাদ উল্যা ভূইয়া)
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
উপজেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়
লালমাই, কুমিল্লা।